



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর “সিটিজেন চার্টার পরিবীক্ষণ” কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আশরাফুজ্জামান, সচিব, বিএডিসি, ঢাকা ও আহ্বায়ক এতদসংক্রান্ত কমিটি।

তারিখ ও সময় : ০৯ সেপ্টেম্বর, ২০২১; বেলা : ৯:৩০ ঘটিকা।

স্থান : সচিব, বিএডিসি, ঢাকা এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্র:নং:	নাম ও পদবি	মন্তব্য
১.	জনাব মোঃ ফখরুল হাসান প্রধান ব্যবস্থাপক (কর্মসূচি), মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর, বিএডিসি, ঢাকা।	সদস্য
২.	জনাব মোহাম্মদ ওবায়দ হোসেন উপপ্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।	সদস্য
৩.	জনাব মোঃ মিজানুর রহমান যুগ্মপরিচালক (সওব্যা), বিএডিসি, ঢাকা।	সদস্য সচিব

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং ধারাবাহিকভাবে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করা হয়।

উপস্থাপিত তথ্য:

সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেনস চার্টার সংক্রান্ত কতিপয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বছর শেষে এসকল লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সঠিকভাবে বাস্তবায়নের জন্য সিটিজেনস চার্টার সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যকর কর্মপন্থা নির্ধারণ করা প্রয়োজন। বর্ণিত অবস্থায় সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেনস চার্টার সংক্রান্ত সূচকসমূহের মান অর্জন এবং কার্যকর কর্মপন্থার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিষয়টি আজকের সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা:

সভায় উপস্থাপিত তথ্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে কমিটির সদস্যগণ দেখতে পান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২ এ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রদান, সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং সেবা প্রদান বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ের অবহিতকরণ সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


সিদ্ধান্ত:


- ০১। মাঠ পর্যায়ে সিটিজেন চার্টার হালনাগাদকরণের নিমিত্ত সকল বিভাগীয় প্রধানকে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ০২। ২০২১-২২ অর্থবছরে ০৪টি ব্যাচে মোট ১২০ জন কর্মকর্তা/কর্মচারীকে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেনস চার্টার প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।


০৩। মাঠ পর্যায়ে সেবা প্রদান বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ের অবহিতকরণ সভা আয়োজন করার নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।


০৪। বিএডিসির সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেনস চার্টার আপডেট করার বিষয়ে কোন হালনাগাদ তথ্য থাকলে তা সরবরাহের জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মপরিচালক (সওব্য)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি।


(মোহাম্মদ ওবায়দ হোসেন)
উপপ্রধান প্রকৌশলী (স্কুদ্রসেচ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।


(মোঃ ফখরুল হাসান প্রধান)
ব্যবস্থাপক (কর্মসূচি), মহাব্যবস্থাপক (বীজ)
দপ্তর,
বিএডিসি, ঢাকা
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।


(মোঃ আশরাফুজ্জামান)
সচিব
বিএডিসি, ঢাকা
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।